

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং শাখা
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.১০

তারিখ: ১৯ কার্তিক ১৪২৭

০৪ নভেম্বর ২০২০

বিষয়: স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশে কর্মরত পুলিশ সদস্যদের আবাসন সমস্যা নিরসনের নিমিত্ত ব্যারাকস, আবাসিক ভবন, আনুষঙ্গিক ভবন ও অফিস ভবন নির্মাণের লক্ষ্যে ৪.০০ (চার) একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৪৪.০১.০০০০.০০০.৩৮.০০৫.২০.৩৯৬; তারিখ: ২৭/১০/২০২০ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশে কর্মরত পুলিশ সদস্যদের আবাসন সমস্যা নিরসনের নিমিত্ত ব্যারাকস, আবাসিক ভবন, আনুষঙ্গিক ভবন ও অফিস ভবন নির্মাণের লক্ষ্যে ৪.০০ (চার) একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদানের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে করা হয়। চাহিতব্য জমির ছাড়পত্র প্রদানের জন্য দাখিলকৃত তথ্য ও নকশা অসম্পূর্ণ থাকায় প্রস্তাবিত জমি অধিগ্রহণের ছাড়পত্র প্রদান করার সুবিধার্থে নিম্নলিখিত নকশা ও তথ্যাদিসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক. রাজউক কর্তৃক প্রদানকৃত ভূমি অধিগ্রহণ ছাড়পত্র

খ. পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদানকৃত ভূমি অধিগ্রহণ ছাড়পত্র

গ. আর.এস. মৌজা ম্যাপের উপর চিহ্নিতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগসূচীসহ সাইট প্ল্যান

ঘ. প্রতিটি দাগের জমির পরিমাণ উল্লেখপূর্বক সমতুল্য আরএস দাগসূচীর প্রত্যয়নকৃত তফসিল

৪-১১-২০২০

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

মোঃ মোয়াজ্জেম হোসেন, বিশেষ পুলিশ সুপার (ইএন্ডডি)

স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.১০/১(৯)

তারিখ: ১৯ কার্তিক ১৪২৭

০৪ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৪-১১-২০২০

মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার